# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## অর্থনীতি দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ১ | ১ | ০ |


সময়-২ ঘণ্টা ৩০ মিনিট　　　　সৃজনশীল প্রশ্ন　　　　পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ প্রত্যেক ব্যক্তি এবং দেশ উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ করে থাকে। X দেশের সরকার ২০০৮ সালে ২০২১ এবং ২০৪০ সালকে টার্গেট করে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে নিয়োজিত রয়েছে। এ ছাড়া প্রতিবছর ওই লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বার্ষিক বাজেট বাস্তবায়ন এবং পঞ্চবার্ষিকী পরিকল্পনাও বাস্তবায়ন করছে। একই সময়ে বাংলাদেশ সরকার প্রয়োজনীয় মূলধনের অভাব, শিক্ষা ও প্রযুক্তিগত জ্ঞানের সীমাবদ্ধতা, আয়বৈষম্য এবং দরিদ্রতার মধ্যে থেকেও অনুরূপ পরিকল্পনা গ্রহণ করায় ১৯৯১ সালে দারিদ্র্যের হার ৪০% থেকে বর্তমানে ১৪% এ নেমে এসেছে, সাফল্য এসেছে বহু ক্ষেত্রে। গত এক দশক যাবৎ বাংলাদেশের GDP প্রবৃদ্ধির হার ৭ শতাংশের কাছাকাছি অর্জিত হয়েছে। জীবনযাত্রার মানও বৃদ্ধি পেয়েছে।

ক. বস্তুগত (Physical) পরিকল্পনা কী? ১
খ. প্রচলিত 'Golden GPA' প্রাপ্তির জন্যও পরিকল্পনার প্রয়োজন— বুঝিয়ে দেখ। ২
গ. উদ্দীপকে উন্নয়ন পরিকল্পনার প্রকারভেদ চিত্রিত কর। ৩
ঘ. উদ্দীপকে X দেশের প্রেক্ষিতে বাংলাদেশের কী অভিজ্ঞতা বর্ণিত হয়েছে? তা ব্যাখ্যা কর। ৪

২.




ক. আমদানি শুল্ক কী? ১
খ. অর্থনৈতিক উন্নয়নের জন্য শিক্ষা খাতের উন্নয়ন আবশ্যক কেন? ২
গ. উদ্দীপক হতে A খাতের উপাদানসমূহ কী কী? বিবরণ লেখ। ৩
ঘ. D খাতটি কী শুধু B খাতের ওপর নির্ভরশীল? ব্যাখ্যা কর। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৩. ★ বিশ্বায়ন মানে অধিক বিনিয়োগ, অধিক উৎপাদন, অধিক কর্মসংস্থান, অধিক রপ্তানি ও জীবনের মানোন্নয়ন। বর্তমান সময়ের বাণিজ্য যুদ্ধ ও বিশ্ব প্রতিযোগিতায় নানা মেরুকরণের ফলে বাংলাদেশি পণ্যের রপ্তানি বেড়েছে। বাংলাদেশ কাঁচাপাট, তৈরি ও হোসিয়ারি পোশাক, হিমায়িত খাদ্য, চা, চামড়া ও চামড়াজাত দ্রব্য, হস্তশিল্পজাত দ্রব্য, জুতা, সিরামিক সামগ্রী এবং ফার্নেস অয়েল ও বিটুমিনসহ নানান প্রকারের পণ্য রপ্তানি করে আসছে। এক্ষেত্রে বাণিজ্য ব্যবস্থায় আরও উন্নয়নের জন্য বাজার সার্ভে, শুল্ক রেয়াত, আয়কর সুবিধাসহ নানারূপ সুবিধা প্রদান করছে।


ক. আমদানি কী? ১

খ. বৈদেশিক সাহায্য বাংলাদেশের জন্য কীভাবে প্রয়োজনীয়? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপক হতে প্রচলিত এবং অপ্রচলিত রপ্তানি দ্রব্যসমূহ চিহ্নিত কর। ৩

ঘ. উদ্দীপকে এ দেশের রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের যে উপায় চিহ্নিত হয়েছে, এর সাথে তুমি আর কি কোনো উপায় সুপারিশ করবে? আলোচনা কর। ৪

৪. ▶ নিচের চিত্রটি লক্ষ কর:




ক. ব্যাংক হার কী? ১

খ. পণ্যের দাম নির্ধারণের ক্ষেত্রে অর্থের প্রচলন গতির ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. চিত্রে কী ধরনের মুদ্রাস্ফীতি প্রকাশ পেয়েছে— তা ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্রে উল্লিখিত মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে রাজস্বনীতি ও প্রত্যক্ষ কার্যক্রমের ভূমিকা আলোচনা কর। ৪

৫. ★ ড. রেজাউল করিম সাহেব X দেশে বাস করেন। উক্ত দেশে ২০১৪ এবং ২০১৮ সালে বিভিন্ন ভোগ্য দ্রব্যের কেজিপ্রতি দাম এবং পরিমাণের তালিকা নিম্নরূপ:

| ভোগ্য দ্রব্যের নাম | ভিত্তি বছর ২০১৪ | | চলতি বছর ২০১৭ |
|---|---|---|---|
| | পরিমাণ (Qo) কেজি/লিটার | দাম (Po) একক প্রতি | একক প্রতি দাম (Pn) |
| চাল | ৪০ | ৪০ | ৬০ |
| ডাল | ১২ | ১০০ | ১২০ |
| আটা | ১৫ | ২৫ | ৩৫ |

দেশটির সরকার ব্যাংক হার, সঞ্চয়পত্রের সুদের হার, নগদ রিজার্ভের পরিমাণ ও পরোক্ষ করের পরিমাণ পরিবর্তনের মাধ্যমে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করে।

ক. সূচক সংখ্যা কী? ১

খ. রপ্তানি কীভাবে মুদ্রাস্ফীতিকে প্রভাবিত করে? ২

গ. উদ্দীপকের আলোকে X দেশের ভোক্তার মূল্যসূচক (CPI) নির্ণয় কর। ৩

ঘ. সরকারের গৃহীত পদক্ষেপসমূহ দ্রব্যমূল্যের স্থিতিশীলতা অর্জনে কীভাবে ভূমিকা রাখে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

https://teachingbd24.com

৬.▶ মিসেস রোকেয়া সুলতানা স্কুলের অধ্যক্ষের পদ থেকে অবসরে যাওয়ার পর ১৫ লক্ষ টাকা পেনশন পেয়েছেন। তার স্বামীও একজন অবসরপ্রাপ্ত অর্থনীতির অধ্যাপক ছিলেন। তার পরামর্শে মিসেস সুলতানা ১০ লক্ষ টাকার পারিবারিক সঞ্চয়পত্র ক্রয় করলেন এবং অবশিষ্ট টাকা দ্বারা বিভিন্ন কোম্পানির শেয়ার স্টক এক্সচেঞ্জের নিবন্ধিত সদস্যদের নিকট হতে ক্রয় করেন।

ক. FDI কী? ১
খ. 'নিজস্ব সঞ্চয়-অর্থায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মিসেস সুলতানার কোন খাতে বিনিয়োগ কম ঝুঁকিপূর্ণ বলে মনে কর? ব্যাখ্যা কর। ৩
ঘ. ঝুঁকি বিবেচনার প্রেক্ষিতে উদ্দীপকে কোন খাতের বিনিয়োগ হতে অধিক মুনাফার সম্ভাবনা রয়েছে বলে মনে কর— বুঝিয়ে লেখ। ৪

৭.▶ নদী ভাঙনে একমাত্র সম্পত্তি ভিটেমাটি থেকে উচ্ছেদ হয়ে রহিম মিয়া ঢাকার মতিঝিলের ফুটপাতে তিন ছেলেমেয়েসহ পাঁচজনের পরিবার বস্তিতে মাথাগোঁজার ঠাঁই পেয়েছে। তার ও স্ত্রীর উপার্জন দ্বারা সবার জন্য ঠিকমতো খাবার জোগাড় করতে পারে না। তার স্ত্রী যে বাসায় কাজ করেন, সে বাসা হতে অনেক শাক-সবজি, ফল বেগম সাহেবা তাকে দিলে তিনি বাসায় নিয়ে আসেন। কিন্তু তার সন্তানরা এসব খেয়ে অসুস্থ হয়ে পড়ল।

ক. নিরাপদ খাদ্য কী? ১
খ. স্থিতিশীলতা অর্জন খাদ্য নিরাপত্তার একটি উল্লেখযোগ্য দিক— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে খাদ্য নিরাপত্তার দিকগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে শেষোক্ত সমস্যা সমাধানে সরকারের বিভিন্ন সংস্থা— কার কী ভূমিকা নেয়া উচিত বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৮. ★ নিম্ন মধ্যম আয়ের X দেশের আয়তন 1,47,570 বর্গ কিলোমিটার, লোকসংখ্যা প্রায় 16 কোটি 20 লক্ষ। একসময় নির্ভরশীল-শিশু ও বৃদ্ধ লোকসংখ্যার হার অধিক ছিল। কিন্তু বর্তমানে এ হার মোট জনসংখ্যার 41 ভাগ। গত 25 বছরে জনসংখ্যা বেড়েছে প্রায় দ্বিগুণ। কিন্তু প্রায় ১ কোটি জনসংখ্যা দেশের বাহির হতে প্রচুর বৈদেশিক মুদ্রা পাঠাচ্ছে। বর্তমানে যুব সমাজ সৃজনশীল উদ্ভাবনী কাজে নিযুক্ত হচ্ছে। কৃষি, শিল্প ও সেবা প্রতিটি খাতে নতুন আবিষ্কার ও প্রয়োগের মাধ্যমে এ যুব সম্প্রদায় অনেক বেশি উৎপাদনশীল ভূমিকা পালন করছে। এ কারণে X দেশের প্রবৃদ্ধি গত এক দশকে প্রায় সাত শতাংশের নিকটে ছিল। মাথাপিছু আয় ও জীবনযাত্রার মানও বৃদ্ধি পাচ্ছে। উদ্দীপকের X দেশের সাথে বাংলাদেশের প্রতিটি ক্ষেত্রে দারুণ মিল রয়েছে।

ক. 'মানবসম্পদ উন্নয়ন' কী? ১
খ. বাংলাদেশে কী ধরনের পরিবার পরিকল্পনা কর্মসূচি বাস্তবায়ন করা আবশ্যক? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপক হতে X দেশের জনসংখ্যার ঘনত্ব নির্ণয় কর। ৩
ঘ. X দেশের অর্থনীতিতে জনসংখ্যা বৃদ্ধির প্রভাব বিশ্লেষণ কর। ৪

৯.▶ এক সময় বাংলাদেশের রপ্তানি আয়ের সিংহভাগ আসতো কৃষিজাত পণ্য (পাট, চা) রপ্তানির মাধ্যমে। কিন্তু এ সকল পণ্যের মূল্যসংযোজন কম হতো অর্ধ-শিক্ষিত, অশিক্ষিত শ্রমিকের যোগান অধিক, কম মজুরি, শ্রমিকদের কর্ম পরিবেশ ও আবাসন অত্যন্ত

https://teachingbd24.com

অস্বাস্থ্যকর, শ্রমিকদের সন্তানদের শিক্ষাব্যবস্থা অপ্রতুল। এরূপ বাস্তবতায় গড়ে ওঠে গার্মেন্টস শিল্প। বর্তমানে শুল্কবাধা ও প্রতিবন্ধকতা, কাজের প্রতিকূল পরিবেশ, কারিগরি দক্ষতার অভাব, অবাধ বাণিজ্যের প্রতিকূল প্রভাব, শ্রমিক অসন্তোষ প্রভৃতি থাকা সত্ত্বেও মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইউরোপে পোশাক রপ্তানিতে অধিকাংশ আইটেমে বাংলাদেশের অবস্থান যথাক্রমে দ্বিতীয় ও প্রথম স্থান। বাংলাদেশের রপ্তানি আয়ের সিংহভাগ প্রায় নব্বই শতাংশই এ খাত হতে আসছে। ২০০৪-০৫ অর্থবছরে মোট পণ্য রপ্তানি আয় ছিল ৮,৬৫৪ মিলিয়ন মার্কিন ডলার, যা ২০১৫-১৬ বছরে দাঁড়ায় ৩৪,২৫৭ মিলিয়ন মার্কিন ডলার।

ক. অগ্রাধিকার শিল্প কী? ১

খ. 'স্কুয়ার ফার্মাসিটিক্যালস' শিল্প নয় ফার্ম— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে বাংলাদেশের সনাতনী রপ্তানি ব্যবস্থার কী কী দুর্বল দিক ফুটে উঠেছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত রপ্তানির ধারা ভবিষ্যৎ বাংলাদেশের জন্য কী যথেষ্ট মনে কর— মতামত ব্যক্ত কর। ৪

১০. ★ প্রথম কৃষিতে দিন বদলের হাওয়া লেগেছে। ৮০ দশকে বর্তমান জনসংখ্যার অর্ধেক অপেক্ষা কম জনসংখ্যার মধ্যেও খাদ্য সংকট ছিল। কিন্তু বর্তমানে কৃষি উপকরণ— ঋণ ও বীজ সহায়তা প্রদান, জিন ও এনজাইম প্রযুক্তির ফলে প্রাকৃতিক দুর্যোগ প্রতিরোধী বীজ, B-carotene এবং জিংক সমৃদ্ধ ধান, স্বল্প সময়ের উচ্চ ফলনশীল শস্যের জাত উদ্ভাবন ও প্রয়োগের ফলে কৃষিজমি হ্রাস পাওয়া সত্ত্বেও খাদ্যে প্রায় স্বয়ংসম্পূর্ণ হতে পেরেছে দেশ। অবশ্য এক্ষেত্রে নতুন প্রযুক্তির ব্যবহার, প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস এবং সুষম সার ব্যবহারের নিয়মাবলি কৃষক ঘরে বসেও অবগত হতে পারছে— এ এক দারুণ সাফল্য।

ক. বন (Forest) কাকে বলে? ১

খ. মাশরুম কী ওষধি সবজি? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কী ধরনের গুরুত্ব তুমি খুঁজে পাও— ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে কৃষির উন্নয়নের কী কী প্রভাব দৃশ্যমান হয়েছে, এসবের ফলাফল মূল্যায়ন কর। ৪

১১. ▶ যুক্তরাষ্ট্রে একটি বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ইতিহাস বিভাগের শিক্ষার্থী পারমিতা ও নবনীতা দু'জন বান্ধবী। তাঁদের শ্রেণিতে ম্যাডাম বললেন, বর্তমানের X দেশটি Y দেশ অপেক্ষা প্রায় ১০০০ মাইল দূরে অবস্থিত, তা সত্ত্বেও X দেশটি Y অঞ্চলকে অতীতে শাসন-শোষণ করেছে প্রায় দু'যুগ। উক্ত দেশটি অপর দেশের রাজস্ব আয়ের সিংহভাগ আত্মসাৎ করলেও উন্নয়ন করেছে নিজেদের অংশকে। বর্তমানে নারী ও শিশু মৃত্যুহার, শিক্ষার হার, জাতীয় প্রবৃদ্ধি ও জীবনযাত্রার মান, মানবসম্পদ উন্নয়ন এবং আর্থ-সামাজিক অগ্রগতির প্রতিটি সূচকে X পিছিয়ে পড়েছে। নবনীতা, পারমিতাকে বললেন, আমার জন্মভূমির স্বাধীন হওয়ার ঐতিহাসিক প্রেক্ষাপটের সাথে গল্পটির মিল রয়েছে। পারমিতা বললেন, আমাদের দেশের পরাধীনতার ইতিহাস ২০০ বছরের আর তোমার দেশের পরাধীনতার ইতিহাস প্রায় সোয়া দু'শত বছরের।

ক. সামাজিক পরিবেশ কাকে বলে? ১

খ. ভগ্ন উপকূল রেখা, উন্নয়নের জন্য একটি সহায়ক মাধ্যম— বিষয়টি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে নবনীতার দেশটি চিহ্নিত করে উক্ত দেশের পূর্বাপর বৈশিষ্ট্য আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের X ও Y দেশের অর্থনৈতিক উন্নয়নের গতিধারা কী একইরূপ না ভিন্ন? ব্যাখ্যা কর। ৪

https://teachingbd24.com

## অর্থনীতি দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড: ১ ১ ০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**উদ্দীপকটি পড়ো এবং ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও।**
আবাদযোগ্য জমির পরিমাণ প্রতি বছর হ্রাস পাচ্ছে। কৃষিতে এমন প্রযুক্তি ব্যবহৃত হচ্ছে যা দ্বারা কৃষকরা কৃষি সমস্যা সমাধান, কীটনাশক প্রয়োগ, প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস জানতে পারে।

১. **প্রযুক্তিটি হলো—**
(ক) পারমাণবিক কৃষি প্রযুক্তি
(খ) জৈব প্রযুক্তি
(গ) আইসিটি (ঘ) উন্নত বীজ

২. **কৃষিতে উক্ত প্রযুক্তি কেন ব্যবহার হয়—**
i. পণ্যের বাজারজাতকরণ
ii. কৃষিবিষয়ক সমস্যা সমাধান
iii. কৃষিবিষয়ক সমস্যা চিহ্নিতকরণ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩. **কোন সালে বাংলাদেশ থেকে সর্বপ্রথম তৈরি পোশাক বিদেশে রপ্তানি হয়?**
(ক) ১৯৭৪ (খ) ১৯৭৫
(গ) ১৯৭৬ (ঘ) ১৯৭৭


৪. **জাতীয় নিরাপত্তা ও সংবেদনশীলতা কোন শিল্প ধারণার সাথে সম্পর্কিত?**
(ক) কুটির শিল্প (খ) হাইটেক শিল্প
(গ) সংরক্ষিত শিল্প (ঘ) বৃহৎ শিল্প

৫. **৬ষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার উদ্দেশ্য ছিল—**
i. দেশজ প্রবৃদ্ধির হার ৭.৩% অর্জন করা
ii. খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা
iii. সমতা ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার মাধ্যমে টেকসই উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬. **রহিম সাহেবের হাঁস-মুরগি পালনকে অর্থনীতির ভাষায় কী বলে?**
(ক) যুব উন্নয়ন কার্যক্রম
(খ) অর্থনৈতিক মুক্তি
(গ) অত্মকর্মসংস্থান
(ঘ) সঠিক কর্মপরিকল্পনা

৭. **নিরাপদ খাদ্য সরবরাহ নিশ্চিতকরণে কাকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে?**
(ক) জনগণ (খ) পরিদর্শক
(গ) গণমাধ্যম (ঘ) সরকার

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।**




৮. **চিত্রটি কোন তত্ত্বের সাথে সম্পর্কিত?**
(ক) জনসংখ্যা উন্নয়ন তত্ত্ব
(খ) ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব
(গ) কাম্য জনসংখ্যা তত্ত্ব
(ঘ) জনমিতিক তত্ত্ব

৯. **উদ্দীপকের উল্লিখিত পরিস্থিতির কারণে দেশটিতে—**
i. খাদ্য ঘাটতি থাকতে পারে
ii. বেকারত্ব বিরাজ করতে পারে
iii. শিল্পায়ন ত্বরান্বিত হতে পারে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১০. **'মুদ্রাস্ফীতি হলো যখন অর্থের মূল্য ক্রমাগত হ্রাস পায় এবং দ্রব্যমূল্য বৃদ্ধি পায়'— বক্তব্যটি কার?**
(ক) ক্রাউথার (খ) কুলবর্ন
(গ) পি এ স্যামুয়েলসন (ঘ) পিগু

**উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।**
কোন দেশ সাধারণত দুই ধরনের কর রাজস্বের মাধ্যমে সরকারের সিংহভাগ সংগ্রহ করে। অবশিষ্ট রাজস্ব সংগ্রহ করে কর বহির্ভূত বিভিন্ন খাত থেকে।

১১. **উদ্দীপকের সিংহভাগ আয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান কোনটি?**
(ক) আবগারি শুল্ক (খ) আমদানি শুল্ক
(গ) মূসক (ঘ) রপ্তানি শুল্ক

১২. **অবশিষ্ট রাজস্বের উপাদান হলো—**
i. লভ্যাংশ ও মুনাফা
ii. প্রশাসনিক ফি
iii. জরিমানা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

https://teachingbd24.com

১৩. ★ কোন ধরনের অর্থব্যবস্থায় সর্বপ্রথম পরিকল্পনা গৃহীত হয়?
ক পুঁজিবাদী খ সমাজতান্ত্রিক
গ মিশ্র ঘ ইসলামী

১৪. ভিশন ২০২১ বাস্তবায়নের জন্য সরকার কী গঠন করতে প্রতিজ্ঞাবদ্ধ?
ক গ্রাম উন্নয়ন কমিশন
খ উপজেলা শাসন হ্রাসকরণ
গ জবাবদিহিমূলক স্থানীয় সরকার
ঘ নগর উন্নয়ন ব্যবস্থা গ্রহণ

১৫. কোনটি নিষ্ক্রিয় ঋণ?
ক শিল্প ঋণ
খ যুদ্ধের জন্য ঋণ
গ উন্নয়ন কাজের ঋণ
ঘ শিক্ষা প্রতিষ্ঠান ও হাসপাতালের জন্য ঋণ

১৬. কাদের মতে সরকারি ঋণ যুক্তিসঙ্গত নয়?
ক ক্লাসিক্যাল খ কেইনসীয়
গ মনিটারিস্ট ঘ আধুনিক

**উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও:**
২০১৭ সালে চালের দাম ছিল প্রতি কেজি ৫০ টাকা। ২০১৮ সালে তা বৃদ্ধি পেয়ে হয় ৬৫ টাকা।

১৭. ★ উদ্দীপক অনুসারে মুদ্রাস্ফীতির হার কত?"
ক ১০% খ ২০%
গ ৩০% ঘ ৪০%

১৮. ★ উক্ত পরিমাণ মুদ্রাস্ফীতিতে—
i. ক্রয় ক্ষমতা হ্রাস পাবে
ii. প্রকৃত মজুরি বাড়বে
iii. আর্থিক শৃঙ্খলা নষ্ট হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. সরকার সাধারণত যে ধরনের বন্ড বাজারে ছাড়ে তাকে বলা হয়—
ক ট্রেজারি বন্ড খ সাধারণ বন্ড
গ প্রাথমিক বন্ড ঘ মিউনিসিপ্যাল বন্ড

২০. ★ গ্লোবালাইজেশন শুরু হয় কোন দশকে?
ক ষাটের খ সত্তরের
গ আশির ঘ নব্বইয়ের

২১. অপ্রচলিত পণ্যদ্রব্যের মধ্যে কোনটি বর্তমান রপ্তানি বাণিজ্যে শীর্ষ স্থান দখল করেছে?
ক নিটওয়্যার খ ইঞ্জিনিয়ারিং দ্রব্য
গ হিমায়িত খাদ্য ঘ প্লাস্টিক সামগ্রী

**উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও:**
দরিদ্র অশিক্ষিত ছমিরন তার সন্তানদের ব্যয় নির্বাহে অক্ষম। ফলে তিনি একটি বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ নিয়ে হস্তশিল্প গড়ে তোলেন।

২২. ছমিরন যে প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করে তার নাম—
ক বাংলাদেশ ব্যাংক খ সমবায় ব্যাংক
গ সোনালী ব্যাংক ঘ গ্রামীণ ব্যাংক

২৩. উক্ত ব্যাংকটি ঋণ দিয়ে থাকে—
i. স্বল্পমেয়াদি
ii. মধ্যম মেয়াদি iii. দীর্ঘমেয়াদি
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. কখন ইংরেজরা এ ভূ-খণ্ডে স্বাধীনভাবে ব্যবসা করার সুযোগ পায়?
ক ১৬১৮ খ ১৬২৮
গ ১৬৩৮ ঘ ১৬৪৮

২৫. কোনটি সেবা খাতের অবদান?
ক ফসল খ বনজ
গ পরিবহন ঘ কুটির শিল্প

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও:**
ফাহিমের দেশ শিল্প ও বাণিজ্যে খুবই উন্নত ছিল। সেই সময় দেশটিতে তৈরি হতো রণতরী, পালবাহী বিভিন্ন ধরনের নৌকা। তখন দেশটির বস্ত্র, চিনি, লৌহ প্রভৃতি বিভিন্ন দেশে রপ্তানি হতো।

২৬. ফাহিমের দেশটি কোন সময়কালের ছিল?
ক ১২০০-১৭৫৭ খ ১৭৫৭-১৯৪৭
গ ১৯৪৭-১৯৭১ ঘ ১৯৭১-২০১৮

২৭. ফাহিমের দেশে যে ধরনের অর্থনৈতিক অবস্থা ছিল—
i. খাদ্য-দ্রব্য সস্তায় ক্রয়-বিক্রয় হতো
ii. দাস-দাসি বেচাকেনা হতো
iii. গ্যাস উৎপাদন হত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. ★ বহুমুখী খামার কোন ধরনের খামারের সাথে সামঞ্জস্যপূর্ণ?
ক জীবন নির্বাহী খ বাণিজ্যিক
গ বিশেষায়িত ঘ মিশ্র

২৯. যুক্তরাষ্ট্রে আদর্শ কৃষি খামারের আয়তন কত?
ক ১৫০ খ ১৬০
গ ১৭০ ঘ ১৮০

৩০. কাম্য জনসংখ্যা তত্ত্বের সূত্র প্রদান করেন কে?
ক এ মার্শাল খ এল রবিন্স
গ কার-সানডারস ঘ ডাল্টন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | গ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ক | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ |

Teachingbd24.com